ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 21 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৭৭ ● কলকাতা ● ১৬ আষাঢ়, ১৪৩২ ● মঙ্গলবার ● ০১ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# কসবা কাণ্ডের জল গড়াল সুপ্রিমকোর্টে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এবার কসবার সাউথ ক্যালকাটা ল' কলেজে গণধর্ষণ-অভিযোগের জল গড়াল সুপ্রিম কোর্টে । দেশের শীর্ষ আদালতে জনস্বার্থের মামলা হয়েছে। সর্বোচ্চ আদালতের নজরদারিতে সিবিআই তদন্তের দাবিতে আর্জি জানানো হয়েছে। মূলত শ্রীরামপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেছিলেন,' আমরা রাজনৈতিক দলে যে পুরুষরা আছে তারাই তো মহিলাকে নিরাপত্তা দেবে। রক্ষকই যদি ভক্ষক হয়ে যায়, তাহলে কী করে হবে? এই জিনিসের প্রতিবাদ আমি করবই। কনডেম হোক আমার কোনও অসুবিধা নেই। জিরো টলারেন্স ঘটনা ঘটার পরে না ঘটনা ঘটার আগে?' পাশপাশি কামারহাটির তৃণমূল বিধায়ক মদন মিত্র বলেন, আপনাকে বলেছে মেয়েদের বিভাগে সাধারণ সম্পাদক করবে। এটা হওয়ার জন্য আপনি গেলেন কেন? আমাদের পার্টির অন্যান্য কর্মীকে জানিয়ে গেলেন না কেন? অন্যান্য মেয়েরাও সিদ্ধান্ত নেবে কেউ কখনও আলাদাভাবে কোথাও ডাকলে যাবেন না। কিছু না পারেন, অন্তত তৃণমূলের অফিসে গিয়ে যাঁরা দায়িত্বে আছেন তাঁকে বলুন, আমাদের কর্মীরা সঙ্গে যাবে।'কসবাকাণ্ডে সুপ্রিমকোর্টে জনস্বার্থের মামলা করেছেন একজন আইনজীবী।তিনি এর বিস্তারিত বর্ণনা করেছেন দেশের শীর্ষ আদালতে। সিবিআই তদন্তের দাবিতেও অনুরোধ জানানো হয়েছে। আর্জিতে তৃণমূল সাংসদ

এরপর ৩ পাতায়






# পরিবেশের সাথে সামঞ্জস্য রেখে জীববৈচিত্র সংরক্ষণ



**স্মৃতি সামন্ত, কলকাতা :**
**জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া**
উপকূলীয় প্রাণী বা সামুদ্রিক জীবের সংরক্ষণের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছে। কেন্দ্রীয় বন ও পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব আজ কলকাতায় জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০তম প্রতিষ্ঠা দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে বলেন,উপকূলীয় প্রাণী বা সামুদ্রিক জীবদের ওপর শনাক্তকরণ ট্যাগ বসানো হবে। ওড়িশা উপকূলের পর এবার পশ্চিমবঙ্গ উপকূলেও এই শনাক্তকরণের কাজ হবে। ইতিমধ্যে অলিভ রিডলে প্রজাতির কচ্ছপের সংরক্ষণে শনাক্তকরণ ট্যাগ বসানোর কাজে সাফল্য পাওয়া গেছে। জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ১১০ ঘন্টার বিশেষ আয়োজন করা হয়। জীব বৈচিত্র্য ও জলবায়ু পরিবর্তনের উপর এই প্রতিযোগিতার ফাইনালে কেন্দ্রীয় মন্ত্রী প্রথম,দ্বিতীয় ও তৃতীয় স্থানের বিজয়ীদের পুরস্কৃত করেন। এছাড়াও এবারের প্রতিষ্ঠা দিবসে কেন্দ্রীয় মন্ত্রী পয়লা জুলাই থেকে ৩রা জুলাই পর্যন্ত অ্যানিম্যাল ট্যাক্সোনমি সামিট,জেড এসআই এর উল্লেখযোগ্য কয়েকটি প্রকাশনার উদ্বোধন করেন। দেশে সব ধরনের প্রাণীদের নিয়ে চেক লিস্ট অফ ফনা অফ ইন্ডিয়া নামের তালিকার দ্বিতীয় পর্বও প্রকাশিত হয়। পাশাপাশি প্রাণীদের উপর গবেষণার জন্য ভারতীয় সেনা বাহিনীর কর্নেল রোহিত যাদব পাঠানকোট উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এনসার্জেন্সি অ্যান্ড জঙ্গল ওয়ারফেয়ার স্কুল ও পরিবেশগত গবেষণার জন্য ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার ন্যাচারাল রিসোর্স এর সঙ্গে মৌ চুক্তি স্বাক্ষরিত হয়। জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অধিকর্তা ধৃতি ব্যানার্জি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## লায়ন্স ক্লাব কলকাতা প্রাইডের চার্টার প্রতিষ্ঠা সম্পন্ন



**স্টাফ রিপোর্টার, রোজদিন**
**কলকাতা।** শহরের একটি হোটেল নীহারিকাতে লায়ন্স ক্লাব কলকাতা প্রাইড একটি চার্টার ক্লাব হিসেবে প্রতিষ্ঠিত হয় এবং সকল চার্টার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ক্লাবের সভাপতি হিসেবে লায়ন হর্ষ সতীশ উদেশী, সহ-সভাপতি হিসেবে লায়ন সুনীল কুমার মাহেরিয়া, লায়ন চিম্পু লাল আগরওয়াল এবং লায়ন চন্দ্র ভানু সিনহা নির্বাচিত হন। ক্লাবের সম্পাদক হিসেবে লায়ন মনু ঋষি ভার্মা, কোষাধ্যক্ষ হিসেবে লায়ন বর্ধমান ছালানি, সদস্য

এরপর ৪ পাতায়

# হুগলির হরিপালে ঐতিহাসিক হুল দিবস পালন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি**

৩০শে জুন, হরিপাল ব্লক সিধু কানু মুর্মু স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে ১৭১তম ঐতিহাসিক হুল দিবস পালন উপলক্ষে হরিপাল ডাকবাংলো থেকে বাসুদেবপুরে সিধু কানুর মূর্তির পাদদেশ পর্যন্ত কয়েক হাজার আদিবাসী মা-ভাই-বোনেদের এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। এই শোভাযাত্রায় নেতৃত্ব দেন রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না এবং হরিপালের বিধায়ক ডাঃ করবী মান্না সহ সর্বস্তরের বিশিষ্ট ব্যক্তি বর্গ। এদিন বাসুদেবপুরে সিধু- কানুর



মূর্তিতে মাল্যদান করেন মন্ত্রী বেচারাম মান্না বিধায়ীকা ডাক্তার করবি মান্না সহ অন্যান্য নেতৃত্ব বৃন্দ। মন্ত্রী বেচারাম মান্না বলেন ১৮৫৫ সালে সাঁওতাল বিদ্রোহের বীর সিধু কানু মুর্মুর অবদানের কথা সমগ্র আদিবাসী সমাজ প্রতিবছর এই দিনটিতে শ্রদ্ধায় স্মরণ করে। তিনি বলেন স্বাধীনতা আন্দোলনে সিধু কানুর অবদানের কথা আদিবাসী সমাজের বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরতে আমাদের এগিয়ে আসতে হবে।তিনি জানান আজকের অনুষ্ঠানে শহীদের প্রতি সম্মান ও শ্রদ্ধা জ্ঞাপনের সাথে সাথে আদিবাসী সমাজের কৃতি ছাত্র-ছাত্রীদের সম্মাধনা দেয়া হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠানও পালন করা হয়। উল্লেখ্য হরিপাল বিধানসভার ৩১টি আদিবাসী পাড়ায় জনপ্রতিনিধিরা উপস্থিত হয়ে ৪টি করে আদিবাসী সমাজের প্রিয় ও অতি পবিত্র শাল গাছ বপন এবং আদিবাসী মাঝি ও মোড়লদের মাথায় আদিবাসী সমাজের পাগড়ি পরিয়ে সম্মানিত করা হয়। এই অনুষ্ঠানে হরিপালের সর্বস্তরের নেতৃত্ব ও জনপ্রতিনিধিরা এবং সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।






(১ম পাতার পর)

# কসবা কাণ্ডের জল গড়াল সুপ্রিমকোর্টে

কল্যাণ বন্দ্যোপাধ্যায় ও বিধায়ক মদন মিত্রর বিতর্কিত মন্তব্যের উল্লেখ করা হয়েছে। সুপ্রিম কোর্টে আর্জি দাখিল আইনজীবী সত্যম সিংহর। অপরদিকে, কসবাকাণ্ডের জল গড়িয়েছে কলকাতা হাইকোর্টে। এবার এই ঘটনায় বিচারপতি সৌমেন সেনের দৃষ্টি আকর্ষণ আইনজীবীদের একাংশের।


তিনটি জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি জানানো হল কলকাতা হাইকোর্টে। বৃহস্পতিবার মামলাগুলির শুনানির সম্ভাবনা রয়েছে। মামলা দায়ের অনুমতি চেয়ে আর্জি জানিয়েছেন তিন জন আইনজীবী সৌম্যশুভ্র রায়, সায়ন দে এবং বিজয় কুমার সিংহল। আদালতের নজরদারিতে তদন্ত হোক, অবসরপ্রাপ্ত বিচারপতির নজরদারিতে তদন্তের দাবি জানিয়েছেন তাঁরা। সাউথ ক্যালকাটা ল' কলেজে নিরাপত্তা সুনিশ্চিত করার দাবিতেও মামলা দায়ের হয়েছে।

আইনজীবী সৌম্যশুভ্র রায় বলেন, গণধর্ষণ প্রচন্ড ভয়ঙ্কর একটা অভিযোগ, তা একটা ল' কলেজের মধ্যে। এই ঘটনার উপরে একটা PIL ফাইল করেছি। তাতে মূল আবেদন আছে যেটা, তা হল পুরো যে ঘটনাটা ঘটেছে, তার একটা নির্দিষ্ট পথে তদন্ত করা সিবিআই বা অন্য কোনও স্বাধীন সংস্থাকে দিয়ে। একজন অবসর প্রাপ্ত বিচারকের তত্ত্বাবধানে এই তদন্তটা যেন করা হয়। এবং রাজ্যের সমস্ত যত কলেজ আছে, বিশ্ববিদ্যালয় আছে, সেখানে মহিলাদের সুরক্ষাটা যেনও আর ভালভাবে সুনিশ্চিত করা হয়। প্রতিটা বিশ্ববিদ্যালয় ও কলেজে যেনও সিসিটিভি ইন্সটল করা হয়। কসবার আইন কলেজে ছাত্রীকে গণধর্ষণের অভিযোগে, ইতিমধ্যেই গ্রেফতার হয়েছেন প্রাক্তন টি এম সি পি নেতা ও তৃণমূল কর্মী মনোজিৎ মিশ্র। যে ঘটনা রাজ্য সরকারের পাশাপাশি তৃণমূলকেও অস্বস্তিতে ফেলেছে। আর এই প্রেক্ষাপটেই প্রথমে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, তারপর বিধায়ক মদন মিত্রের মন্তব্য ঘিরে জোর বিতর্ক শুরু হয়েছে তৃণমূলের অন্দরেই। দলের অবস্থান এবং তাকে চ্যালেঞ্জ করে পাল্টা মন্তব্যের পর তা গড়ায় শোকজে।

সমাজমাধ্যমে প্রথমে দলের তরফে লেখা হয়, সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় এবং বিধায়ক মদন মিত্রের মতামত তাদের ব্যক্তিগত। বলা হয়েছে, দল তাঁদের এই বক্তব্যের সঙ্গে কোনওভাবেই একমত নয় এবং এই মন্তব্যগুলির কড়া নিন্দা করছে। এই ধরণের বক্তব্য কোনওভাবেই দলের অবস্থানকে প্রতিফলিত করে না। মহিলাদের বিরুদ্ধে যে কোনও অপরাধের ক্ষেত্রে জিরো টলারেন্স এবং দোষীদের কঠোর শাস্তির দাবির কথাও স্মরণ করিয়ে দেয় তৃণমূল। কিন্তু দলের মন্তব্যকে পাল্টা চ্যালেঞ্জ করেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

# সন্দেশখালিতে তিন বিজেপি কর্মীর হত্যাকাণ্ডে সিবিআই তদন্তের নির্দেশ হাই কোর্টের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



সন্দেশখালিতে ছয় বছর আগের তিনটি খুনের ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। ২০১৯ সালে ওই তিন বিজেপি কর্মীকে খুন করা হয়েছিল বলে অভিযোগ। ওই ঘটনায় নাম জড়িয়েছিল বর্তমানে তৃণমূল থেকে নিলম্বিত শাহজাহান শেখেরও। ওই তিন খুনের মামলায় এ বার সিবিআই তদন্তের নির্দেশ দিলেন হাই কোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত।২০২৪ সালের গোড়ায় রেশন দুর্নীতির তদন্তে শাহজাহানের বাড়িতে এসে 'আক্রান্ত' হন ইডি আধিকারিক ও আধাসেনা জওয়ানেরা। পরে তাঁকে ইডির উপর হামলার অভিযোগ ওঠার কয়েক দিন পর থেকেই সন্দেশখালিতে শাহজাহান এবং তাঁর ঘনিষ্ঠদের বিরুদ্ধে ফুঁসে ওঠেন স্থানীয়দের বড় অংশ। এলাকার অধিকৃত জমিতে মাছের ভেড়ি বানানো, ভেড়ির লিজের টাকা না দেওয়ার মতো নানা অভিযোগ ওঠে শাহজাহান ও তাঁর সঙ্গীদের বিরুদ্ধে।

এরপর ৬ পাতায়

# আরও ৬ মাস মুখ্যসচিব পদে মনোজ পন্থ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যের প্রস্তাবে অনুমোদন দিল কেন্দ্র। মেয়াদ বাড়ল মুখ্যসচিব মনোজ পন্থের। আরও ছ'মাসের জন্য এই পদে বহাল থাকবেন তিনি।

প্রসঙ্গত, প্রণব মুখোপাধ্যায় কেন্দ্রে অর্থমন্ত্রী থাকাকালীন মনোজ পন্থ তাঁর ব্যক্তিগত সচিব ছিলেন। যুগ্ম সচিব পদ মর্যাদার অফিসার হন তিনি। তা ছাড়া ওয়াশিংটনে বিশ্বব্যাঙ্কের সদরদপ্তরের নয়াদিল্লির প্রতিনিধি হিসাবে কাজ করেছিলেন পন্থ। তারপর রাজ্যের একাধিক গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব সামলেছেন তিনি।

আজ, ৩০ জুন, সোমবার মুখ্যসচিব পদে শেষদিন ছিল পন্থের। কিন্তু রাজ্যের প্রস্তাবে সাড়া দিয়ে তাঁর মেয়াদ আরও ছ'মাস বাড়াল কেন্দ্রীয় সরকার। ৩১ ডিসেম্বর পর্যন্ত এই পদে বহাল থাকবেন তিনি। উল্লেখ্য, ২০২৪ সালে আগস্টের শেষে মুখ্যসচিব হয়েছিলেন মনোজ পন্থ। তাঁর আমলে পঞ্চায়েত ভোট থেকে লোকসভা নির্বাচন হয়েছে।

ভগবতী প্রসাদ গোপালিকা পরবর্তী রাজ্যের মুখ্যসচিব হয়েছেন মনোজ পন্থ। তার আগে অর্থদপ্তরের দায়িত্ব সামলেছেন। ওই বিভাগের সচিব ছিলেন পন্থ। আচমকা গত আগস্টে নবান্নের তরফে সচিব পদে রদবদল করা হয়। তাতে দেখা গিয়েছিল, অর্থ দপ্তরের মনোজ পন্থকে সরিয়ে তুলনায় কম গুরুত্বপূর্ণ সেচদপ্তরের বদলি করা হয়। তাঁর বদলে রাজ্যের অর্থসচিব করা হয়েছিল প্রভাতকুমার মিশ্রকে। এর ২৪ ঘণ্টার মধ্যেই মুখ্যসচিব পদে বসানো হয় ১৯৯১ ব্যাচের এই আইএএস অফিসার মনোজ পন্থকে।

## সম্পাদকীয়

# সিন্ধু জলচুক্তি স্থগিতে কতটা উপকৃত ভারত?

সংঘর্ষবিরতির পরেও সিন্ধ জলচুক্তি নিয়ে ভারত-পাক 'যুদ্ধ' অব্যাহত। ক'দিন আগে অমিত শাহ জানিয়ে দিয়েছেন, 'ওরা শুকিয়ে মরলেও সিন্ধু জলচুক্তি চালু করব না।' পালটা প্রাক্তন পাক বিদেশমন্ত্রী তথা পাকিস্তান পিপলস পার্টির প্রধান বিলাওয়াল ভুট্টো জারদারির মন্তব্য, 'সিন্ধু জলচুক্তি পুনর্বহাল না করলে পাকিস্তান যুদ্ধ ঘোষণা করবে'।উল্লেখ্য, পহেলগাঁও জঙ্গি হামলার প্রতিবাদে পাকিস্তানের সঙ্গে সিন্ধু জলচুক্তি বাতিল করেছে দিল্লি। যা নিয়ে ক্রমাগত অপপ্রচার চালিয়ে যাচ্ছে ইসলামাবাদ। বারবার দাবি করছে, ভারত নাকি এই চুক্তি লঙ্ঘন করেছে। কিন্তু ভারত আগেও রাষ্ট্রসংঘে জানিয়েছে পাকিস্তানের উপর আস্থা রেখে, বিশ্বাস করে ৬৫ বছর আগে ভারত এই চুক্তি করেছিল। কিন্তু সেই বিশ্বাস ভেঙে ভারতের বুকে ৩টি যুদ্ধ ও হাজার হাজার জঙ্গি হামলা চালিয়েছে পাক সন্ত্রাসীরা।এই আবহে সিন্ধু জলচুক্তি নিয়ে কৌশলগত প্রচারে নামতে চলেছে কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকার। কেমন সেই কৌশল?

সিন্ধু জলচুক্তি স্থগিত করার পিছনে ভারতের উদ্দেশ্য ঠিক কী, তা নাগরিকদের কাছে ব্যাখ্যা করবে কেন্দ্র। এই উদ্যোগের মূল লক্ষ্য হল দশকের পর দশক ধরে চলা চুক্তি স্থগিত করার ফলে ভারত কীভাবে, কতখানি উপকৃত হচ্ছে, সেই সম্পর্কে প্রচার চালানো। সূত্রের খবর, সিন্ধু জলচুক্তি সংক্রান্ত প্রচারে নেতৃত্ব দেবেন কেন্দ্রীয় মন্ত্রীরা। তাঁরা এই চুক্তির কৌশলগত পদক্ষেপগুলি সহজ ভাষায় জনগণকে, বিশেষ করে উত্তর ভারতীয় রাজ্যগুলির বাসিন্দাদের কাছে ব্যাখ্যা করবেন।

এই উদ্যোগের বৃহত্তর উদ্দেশ্য হল, একটি দীর্ঘমেয়াদী জল ব্যবস্থা কৌশল তৈরি করা। যাতে করে সিন্ধু নদীর জলের আরও ভালো ব্যবহার সম্ভব হবে উত্তর ভারতে। সরকার জম্মু ও কাশ্মীর, পাঞ্জাব, হরিয়ানা এবং রাজস্থানের নদীগুলির জলস্রোত সহজ তথা বাড়ানোর পরিকল্পনা করেছে। সিন্ধু জলচুক্তি স্থগিত হওয়ায় চারটি রাজ্যের ১৩টি খালের জল জলের পরিমাণ বাড়বে বলেই মনে করা হচ্ছে। ভারত উদবৃত্ত জল ব্যবহার করতে সক্ষম হবে। এছাড়াও আগামী তিন বছরের মধ্যে চন্দ্রভাগা নদীর সঙ্গে সংযুক্ত হবে ১৬০ কিলোমিটার দীর্ঘ আরও একটি খাল। এছাড়াও সিন্ধুর সঙ্গে রাজস্থানের গঙ্গা খাল সংযুক্ত করারও পরিকল্পনা রয়েছে কেন্দ্রের। এই বিষয়গুলিই বিস্তারিত জানানো হবে উত্তর ভারতের বাসিন্দাদের।

# তুমি লক্ষ্মী-সরস্বতী





**মৃত্যুঞ্জয় সরদার**

**(দশম পর্ব)**

নামে মেয়েরা দাবি করে বসেন লেখাপড়ার স্বাধীনতা ! শাস্ত্রীয় বিধান অনুসারে, শ্রীপঞ্চমীর দিন সকালেই সরস্বতী পূজা সম্পন্ন করা হয় সাধারণ পূজার আচারাদি মেনে। তবে এই পূজায় কয়েকটি বিশেষ উপাচার বা সামগ্রীর প্রয়োজন হয়, যেমন অভ্র-আবির, আমের মুকুল, দোয়াত-কলম ও যবের শিষ, বাসন্তী রঙের গাঁদা ফুল। লোকাচার অনুসারে ছাত্রছাত্রীরা পূজার আগে কুল ভক্ষণ করে না।প্রথমে দেখা যাক বিভিন্ন পুরাণগ্রন্থ সরস্বতীর উৎস সম্পর্কে কী বলছে। পদ্মপুরাণে সরস্বতী দক্ষকন্যা এবং কশ্যপ-পত্নী হিসাবে স্বীকৃত। ব্রহ্মবৈবর্ত

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# লায়ন্স ক্লাব কলকাতা প্রাইডের চার্টার প্রতিষ্ঠা সম্পন্ন

কমিটির প্রধান হিসেবে লায়ন অনিল কুমার দুবে, যুগ্ম সম্পাদক হিসেবে লায়ন বিরাজ পোপট এবং যুগ্ম কোষাধ্যক্ষ হিসেবে লায়ন বিকাশ আগরওয়াল, টেইল টুইস্টার হিসেবে লায়ন সঞ্জিত কুমার বর্মণ এবং লায়ন রঞ্জিত কুমার মোদী মনোনীত হন। ক্লাবের অন্যান্য বোর্ড সদস্যরা হলেন লায়নেস গুঞ্জন গণত্রা, লায়ন মাধুরী ছালানি, লায়ন মমতা সিনহা, লায়ন মিনু আগরওয়াল, লায়ন মিনু মাহেরিয়া, লায়ন নীতু দুবে, লায়ন পালভি বর্মণ, লায়ন রিকিতা হর্ষ উদেসি, লায়ন রিতু ভার্মা, লায়ন শশী আগরওয়াল, লায়ন বিনীত মোদী। উপরোক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা গভর্নর লায়ন সালোনি সালভি এবং প্রতিষ্ঠান কর্মকর্তা হিসেবে লায়ন কেদারনাথ গুপ্ত নির্বাচিত সকল কর্মকর্তার কাজ ও দায়িত্ব ব্যাখ্যা করেন। অনুষ্ঠানে অতিথি হিসেবে নির্দেশনা প্রদান করেন লায়ন প্রমিল রুংতা। সমগ্র সভা পরিচালনা করেন লায়ন রমেশ কুমার চোখানি। উপরোক্ত সমস্ত তথ্য প্রদান করেন সংগঠনের নবনিযুক্ত চার্টার ভাইস প্রেসিডেন্ট লায়ন চন্দ্র ভানু সিনহা।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

প্রসঙ্গত জানতে পারা যায় যে হেমন্তের নবান্নে (যার সময় কালীপুজোর সঙ্গে সমাপতিত হয় অনেকাংশে) বায়সদের খাদ্য নিবেদনের প্রথা বাঙালির গ্রামাঞ্চলে প্রাচীনকাল থেকে প্রচলিত, চন্দ্রকেতুগড় সভ্যতায়

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "মন কি বাত" (১২৩ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

## (দ্বিতীয় পর্ব)

কমেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO-ও এই বিষয়টির প্রশংসা করেছে যে ভারত রোগ নির্মূল করার পাশাপাশি তার মূল কারণগুলিকেও দূর করেছে।

বন্ধুরা এখন ভারতের বেশিরভাগ মানুষই কোনো না কোনো Social Protection benefits থেকে লাভবান হচ্ছেন এবং সম্প্রতি ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন- অর্থাৎ ILO-র অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা রিপোর্ট সামনে এসেছে। এই রিপোর্টে বলা হয়েছে যে ভারতের ৬৪ শতাংশ-এর বেশি মানুষ এখন কোন না কোন সোশ্যাল প্রটেকশন বেনিফিটস অবশ্যই পাচ্ছেন। সামাজিক সুরক্ষা- এটা বিশ্বের সবচেয়ে বড় coverage গুলোর মধ্যে একটি। এখন দেশের প্রায় ৯৫ কোটি মানুষ কোন না কোন social security যোজনার সুবিধা পাচ্ছেন, যেখানে ২০১৫ পর্যন্ত ২৫ কোটিরও কম মানুষের কাছে সরকারি যোজনা গুলো পৌঁছতো।

বন্ধুরা, ভারতে স্বাস্থ্য ক্ষেত্র থেকে শুরু করে সামাজিক সুরক্ষা পর্যন্ত প্রত্যেক ক্ষেত্রেই দেশ সম্পৃক্তকরণ-এর ভাবনা নিয়ে এগিয়ে চলেছে। এটা সামাজিক ন্যায়ের একটা সুন্দর চিত্রও বটে। এই সাফল্য একটা বিশ্বাস জাগিয়েছে যে সামনে যে সময় আসছে তা আরো সুন্দর হবে, প্রতি পদে ভারত আরো শক্তিশালী হবে।

আমার প্রিয় দেশবাসী, জন-অংশগ্রহণের শক্তি দিয়ে বড় বড় সংকটের মোকাবিলা করাও সম্ভব। আমি আপনাদের একটা অডিও শোনাচ্ছি, এই অডিওর মধ্যে দিয়ে আপনাদের সেই সংকটের ভয়াবহতা সম্পর্কে একটা ধারণা পাবেন । সেই সংকট কতটা বড় ছিল প্রথমে শুনুন এবং ধারণা করুন।

অডিও-- মোরারজি ভাই দেশাই-- এই যে দু'বছর ধরে নিপীড়ন হলো, এই নিপীড়ন তো পাঁচ সাত বছর আগেই শুরু হয়ে গেছিল। কিন্তু তা শিখরে পৌঁছেছে এই দু বছরে, যখন জরুরী-অবস্থা মানুষের উপর চাপিয়ে দেয়া হয়েছে এবং মানুষের সঙ্গে অমানবিক আচরণ করা হয়েছে। মানুষের স্বাধীনতার অধিকার কেড়ে নেয়া হয়েছে, সংবাদপত্রের কোনো স্বাধীনতা আর নেই। বিচার-ব্যবস্থাকে অত্যন্ত দুর্বল করে দেয়া হয়েছে। আর যেভাবে এক লাখেরও বেশি মানুষকে জেলে বন্দী করে যে যথেচ্ছাচার শাসক পক্ষের তরফ থেকে হলো সেই দৃষ্টান্ত পৃথিবীর ইতিহাসে মেলা ভার।

বন্ধুরা, এই কণ্ঠস্বর আমাদের দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী মোরারজি ভাই দেশাই-এর। তিনি সংক্ষেপে, কিন্তু অত্যন্ত স্পষ্ট ভাবে জরুরী-অবস্থা সম্পর্কে বললেন। আপনারা কল্পনা করতেই পারছেন সেই সময়টা কেমন ছিল! জরুরী-অবস্থা ঘোষণাকারীরা শুধুমাত্র আমাদের সংবিধানের হত্যা করেননি তার সঙ্গে চেয়েছিলেন বিচার ব্যবস্থাকে নিজের দাসত্বে পরিণত করার। এই সময় মানুষকে খুব বড়সড়ভাবে প্রতারিত করা হয়েছিল। এমন আরো অনেক দৃষ্টান্ত আছে যেগুলো কখনোই ভুলে যাওয়া সম্ভব নয়। জর্জ ফার্নান্ডেজ সাহেবকে শৃংখলে আবদ্ধ করা হয়েছিল। অনেক মানুষকে অত্যন্ত কঠিন যাতনা দেয়া হয়েছিল।

MISA-র আওতায়, যাকে খুশি গ্রেফতার করা হত। ছাত্রদেরও হয়রান করা হত। মত প্রকাশের স্বাধীনতাও কেড়ে নেওয়া হয়েছিল।

বন্ধুরা, ঐসময় যে হাজার হাজার মানুষকে গ্রেফতার করা হয়, তাদের উপর এরকমই অমানবিক অত্যাচার করা হয়েছিল। কিন্তু ভারতীয় জনতার শক্তি এতোটাই যে, তারা নুয়ে পড়েনি, ভেঙে পড়েনি, আর গণতন্ত্রের সঙ্গে কোনো আপোষ তারা মেনে নেয়নি। শেষ পর্যন্ত জনতা জনার্দন এর জয় হয়, জরুরী অবস্থা তুলে নেওয়া হয়, এবং জরুরী অবস্থা যারা চাপিয়ে দিয়েছিল তারা হেরে যায়। বাবু জগজীবন রাম জি এই বিষয়ে জোরালো ভাবে নিজের মতামত ব্যাক্ত করেছিলেন ।

#অডিও#

ভাই ও বোনেরা, বিগত নির্বাচন, নির্বাচন ছিলনা। এটি ছিল ভারতের জনতার এক মহান অভিযান - ওই সময়ের পরিস্থিতির পরিবর্তন আনার, স্বৈরতন্ত্রের অবসান ঘটানোর এবং ভারতে প্রজাতন্ত্রের ভিতকে মজবুত করা।

অটলজিও নিজের মতো করে এই

ক্রমশঃ




## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# কসবাকাণ্ডের প্রতিবাদে রাজপথে উত্তাল শহর, মিছিলে পুলিশের বাধা—ক্ষুব্ধ শ্রীলেখা মিত্রর প্রশ্ন: “ধর্ষকেরা রেহাই পাবে, আমরা নয়?”

**বেবি চক্রবর্তী: কলকাতা**

কসবাকাণ্ডের প্রতিবাদে রাজ্য জুড়ে জনস্রোত। শহরের বুকে আজ সেই প্রতিবাদেরই মুখ হয়ে উঠল গড়িয়াহাট থেকে হাজরাগামী নাগরিক মঞ্চের মিছিল। অভয় মঞ্চের ডাকে আয়োজিত এই পদযাত্রায় অংশ নেন নানা বয়সের মানুষ, সাধারণ পথচলতি নাগরিক থেকে বিশিষ্টজনেরা। কিন্তু মাঝপথেই বাধা—পুলিশ ব্যারিকেড তুলে আটকে দেয় মিছিল। শুরু হয় বিতর্ক, ধুন্ধুমার পরিস্থিতি।মিছিলে পা মেলান অভিনেত্রী শ্রীলেখা মিত্র, বিশিষ্ট সমাজকর্মী দেবদূত ঘোষ, থিয়েটারকর্মী বাদশা মৈত্র সহ একাধিক বিশিষ্টজন। শান্তিপূর্ণভাবে বিচার এবং শাস্তির দাবি জানাতে এসেছিল নাগরিক সমাজ। কিন্তু পুলিশের বাধায় মিছিল আটকে যেতেই ফেটে পড়ে ক্ষোভ।

ব্যারিকেডের সামনেই দাঁড়িয়ে পুলিশের উদ্দেশে তীব্র প্রশ্ন ছুঁড়ে দেন শ্রীলেখা মিত্র— “ধর্ষকদের আশ্রয় দিচ্ছেন, আর আমাদের আটকাচ্ছেন? আমরা কি বিচারের দাবি তুলতে পারি না? সরকার ভয় পেয়েছে বলেই এই বাধা!তিনি আরও বলেন, “তমান্না নামের একটি শিশু বোমায় উড়ে গেল, তার বিচার নেই। আজ আমরা রাস্তায় নেমেছি সেই ন্যায় চেয়ে। পুলিশের কি একটুও বিবেক নেই? শুধু বেতনের জন্য মাথা নিচু করে থাকবেন?

মিছিলকারীদের দাবি ছিল, তাদের শান্তিপূর্ণ প্রতিবাদে কোনও হস্তক্ষেপ করা উচিত নয়। নাগরিক মঞ্চ স্পষ্ট জানিয়েছে, তারা ব্যারিকেড ভাঙবে না, কিন্তু ন্যায়বিচারের দাবি থেকে একচুলও সরবে না।সাম্প্রতিক কসবাকাণ্ড ও তমান্নার মৃত্যুকে ঘিরে রাজ্যজুড়ে ক্ষোভের আগুন ছড়িয়ে পড়ছে। এই প্রতিবাদ মিছিল যেন তারই প্রতীক। পুলিশের বাধা সেই আগুনেই যেন আরও ঘি ঢালল বলে মত বিশ্লেষকদের একাংশের।এই প্রতিবাদ শুধু একটি ঘটনার বিরুদ্ধে নয়, গোটা শাসনব্যবস্থার নৈতিক অবক্ষয়ের বিরুদ্ধে। জনতার কণ্ঠরোধ করা যাবে না—আজ শহরের রাজপথ যেন সেই বার্তাই পৌঁছে দিল সরকার ও প্রশাসনের কানে।

# দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতা আরও শক্তিশালী করতে সেনাধ্যক্ষ সরকারি সফরে গেলেন ভূটানে



**নয়াদিল্লি, ৩০ জুন, ২০২৫**

ভারতীয় সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী আজ ৪ দিনের সরকারি সফরে ভূটান গেলেন, দুই দেশের মধ্যে দীর্ঘদিনের প্রতিরক্ষা সহযোগিতা আরও বৃদ্ধি করার লক্ষ্য নিয়ে।

এই সফরে সেনাধ্যক্ষ ভূটানের রাজা জিগমে খেসর নামগিয়েল ওয়াংচুকের সঙ্গে দেখা করবেন। তিনি রয়েল ভূটান আর্মির চিফ অপারেশনস অফিসার লেফটানেন্ট জেনারেল বাটু শেরিং-এর সঙ্গেও আলাপ আলোচনা করবেন। সেনাপ্রধান ভারতীয় দূতাবাস, ইন্ডিয়ান মিলিটারি ট্রেনিং টিম এবং প্রজেক্ট ডিএএনটিএকে – এর শীর্ষ পদাধিকারীদের সঙ্গেও আলোচনা করেবেন।

এই সফর ভারত ও ভূটানের মধ্যে গভীর এবং সময়ের পরীক্ষায় উত্তীর্ণ মৈত্রীর প্রতিফলন এবং নিকট ও বিশ্বস্ত অংশীদারের প্রতি ভারতের দায়বদ্ধতার পরিচায়ক।

(৩ পাতার পর)

# সন্দেশখালিতে তিন বিজেপি কর্মীর হত্যাকাণ্ডে সিবিআই তদন্তের নির্দেশ হাই কোর্টের

একই সঙ্গে স্থানীয় মহিলাদের উপরে নির্যাতনের অভিযোগও প্রকাশ্যে আসে। অভিযোগ প্রকাশ্যে আসতেই প্রতিবাদে রাস্তায় নামে বিজেপি-সহ বিরোধী দলগুলি। সেই আবহে শাহজাহানকে দল থেকেও নিলম্বিত করে তৃণমূল।

সিবিআইকে বিশেষ তদন্তকারী দল (সিট) গঠনেরও নির্দেশ দেওয়া হয়েছে।

২০১৯ সালের ৮ জুন সন্দেশখালির বাসিন্দা প্রদীপ মণ্ডল, দেবদাস মণ্ডল এবং সুকান্ত মণ্ডলকে খুনের অভিযোগ ওঠে। নিহতেরা তিন জনই বিজেপি কর্মী ছিলেন। ওই খুনের মামলার প্রাথমিক চার্জশিটে নাম ছিল শাহজাহানের। কিন্তু পরে সিআইডির হাতে তদন্তভার গেলে চার্জশিট থেকে তাঁর নাম বাদ যায় বলে দাবি পরিবারের। শুধু তা-ই নয়, ২০২২ সালে অপর একটি খুনের মামলাতেও চার্জশিটে শাহজাহানের নাম উঠে এসেছিল। কিন্তু পরে ওই মামলায় তিনি জামিন পেয়ে যান।

সন্দেশখালির ভাঙ্গিপাড়া এলাকার বাসিন্দা প্রদীপ মণ্ডলের বাড়িতে ২০১৯ সালের জুনে একদল সশস্ত্র দুষ্কৃতী হামলা চালিয়েছিল বলে অভিযোগ। প্রদীপ ছিলেন পরিবারের মেজ ছেলে। তাঁকে তাড়া করে নিয়ে গিয়ে গুলি করে খুন করা হয় বলে অভিযোগ পরিবারের। প্রদীপের তুতো ভাই সুকান্তের বাড়িতেও দুষ্কৃতীরা হামলা চালিয়েছিল। একই কায়দায় তাঁকেও গুলি করে হত্যা করা হয়েছিল বলে অভিযোগ। সন্দেশখালিরই অপর এক বাসিন্দা দেবদাস মণ্ডলকেও ওই সময় খুন করা হয়েছিল বলে অভিযোগ।

# কসবা কান্ডে আগামী ২রা-জুলাই অভিযানে যেতে চলেছে বিজেপি



**বেবি চক্রবর্তী: কলকাতা**

কসবাকাণ্ডের প্রতিবাদে আজ গোলপার্ক থেকে গড়িয়াহাট পর্যন্ত মশাল মিছিল করেছে বিজেপি। নেতৃত্বে ছিলেন শুভেন্দু অধিকারী। এদিনের মিছিল থেকেই কসবা অভিযানের ডাক দিয়েছেন শুভেন্দু অধিকারী। আজকের মিছিল থেকে তিনি বলেছেন, 'আজকে পশ্চিমবঙ্গ পুলিশকে বিজেপি যুব মোর্চা জানিয়ে দিয়েছে আগামী ২ তারিখে কসবা অভিযান হবে। মায়েরা ঝাঁটা নিয়ে আসবেন। মমতা ব্যানার্জির কত ক্ষমতা আমরা দেখতে চাই। আগামী ২ তারিখে হাজার হাজার মানুষ আসুন, আমরা এর শেষ দেখতে চাই, এ লড়াই জারি রাখতে হব।মিছিল শেষ করার পর বিরোধী নেতার মুখে শোনা যায় অভয়ার প্রসঙ্গও। শুভেন্দু অধিকারী বলেছেন, 'আমি কয়েকদিনের মধ্যে অভয়ার বাড়িতে যাব। অভয়ার বাবা-মাকে বলব যে, গত বছর ২৭ অগস্ট ছাত্র সমাজ নবান্ন অভিযানের ডাক দিয়েছিল, ঐতিহাসিক অভিযান, পতাকা ছাড়া, আমি অভয়ার বাবা-মাকে বলব, ৯ অগস্ট আপনি নবান্ন অভিযান ডাক দিন। আমি শুভেন্দু অধিকারী রাজনীতির স্বার্থ দূরে সরিয়ে রেখে, আপনাদেরকে নিয়ে, আর একবার মমতা ব্যানার্জিকে, ২৬-এর নির্বাচন ফাইনাল বিসর্জনের আগে, ৯ অগস্ট, ক্রান্তির দিন, ভারত ছাড়ো আন্দোলনের দিন, ওই দিন মমতা ব্যানার্জিকে আমরা দেখিয়ে দিতে চাই।

# সিনেমার খবর

# প্রেমের গুঞ্জনে জাহ্নবীর সিলমোহর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউডে প্রেমের গুঞ্জন নতুন কিছু নয়। তবে এইবার জাহ্নবী কাপুর ও শিখর পাহাড়িয়ার রসায়নে যেন নতুন মাত্রা যোগ হলো। সদ্য ভাইরাল হওয়া এক ভিডিওতে দেখা গেছে, লন্ডনের রাস্তায় হাত ধরে হেঁটে যাচ্ছেন জাহ্নবী ও শিখর। স্বাভাবিকভাবেই ভিডিওটি ঘিরে চলছে নেটপাড়ায় আলোচনা আর সমালোচনা।

জাহ্নবী ও শিখরের একসঙ্গে নাম নতুন নয়। কয়েক বছর ধরে তাদের ঘনিষ্ঠতা নিয়ে বলিউডে কম কানাঘুষা হয়নি। একাধিক পার্টি, সিনেমার প্রিমিয়ার, পারিবারিক অনুষ্ঠানেও তাদের একসঙ্গে দেখা গেছে। কখনও ক্যামেরার সামনে সাবধান, কখনও আবার নিঃসংকোচে।

সবচেয়ে বেশি আলোচনার জন্ম দিয়েছিল 'কফি উইথ করণ'-এর একটি পর্ব। সেখানে করণ জোহরের কৌতূহলপূর্ণ প্রশ্নের জবাবে জাহ্নবীর মুখ ফস্কে বেরিয়ে আসে শিখরের নাম। যদিও পরে তিনি বিষয়টি হেসে উড়িয়ে দেন। ততক্ষণে দর্শক ও বলিউডপ্রেমীরা ইঙ্গিত পেয়ে গিয়েছিলেন।

এরপর তাদের প্রেমের গুঞ্জনে ঘি ঢেলেছিল আরেকটি মুহূর্ত– জাহ্নবীর বাবা বনি কাপুর এক সাক্ষাৎকারে স্পষ্টভাবে বলেছিলেন, 'শিখর খুবই ভালো ছেলে। পরিবারের সবার সঙ্গে ওর সম্পর্ক দারুণ। আমি জানি, ও



জাহ্নবীকে ছেড়ে যাবে না।'

এই বক্তব্য অনেকটাই পরোক্ষে জাহ্নবী-শিখরের সম্পর্কের ছায়া তুলে ধরেছিল। তবে, এতকিছুর পরেও দু'জনের কেউই কখনও নিজেদের সম্পর্কের বিষয়ে সরাসরি কিছু বলেননি। তারা একে অপরকে বরাবর 'ভালো বন্ধু' বলে পরিচয় দিয়েছেন।

তবে এই সদ্য ভাইরাল হওয়া ভিডিও যেন সব প্রশ্নের জবাব এক নিঃশব্দ চিত্রেই দিয়ে দিল। তাতে কোনো সংলাপ নেই, নেই কোনো নাটকীয় মুহূর্ত। আছে শুধু একসঙ্গে হেঁটে চলা, একটি বিশ্বাস, আর হয়তো...একটি সম্পর্কের প্রকাশ, যা এতদিন কথায় বলা হয়নি। এই দৃশ্য অনেকটাই সিনেমার মতো। কোনো ডায়ালগ ছাড়াও দর্শকের মনে ছুঁয়ে যায়।

অনুরাগীরাও বুঝে নিয়েছেন- এ সম্পর্ক আর শুধুই 'বন্ধুত্ব' নয়। কেউ কেউ বলছেন, 'এই হাতে হাত রাখাটাই তো আসল স্বীকৃতি।'

এই মুহূর্তে বলিউডে শ্রীদেবীকন্যা জাহ্নবী কাপুরের ক্যারিয়ার ঊর্ধ্বমুখী। একদিকে বক্স অফিস সাফল্য, অন্যদিকে একের পর কাজ করে যাচ্ছেন ওয়েব ও সিনেমায়।

অন্যদিকে শিখর পাহাড়িয়া, ভারতের রাজনৈতিক পরিবারের সদস্য। তিনি নিজে ব্যবসায়ী ও উদ্যোক্তা। এই দুই তরুণ-তুর্কির সম্পর্ক কোথায় গিয়ে দাঁড়াবে, তা ভবিষ্যৎই বলবে। আপাতত প্রেমের মৌসুমে বলিউডে জাহ্নবী-শিখর জুটিকে নিয়ে উৎসাহের অন্ত নেই।

# অবৈধ নির্মাণের অভিযোগ, শাহরুখের বাড়িতে পৌর ও বন কর্তৃপক্ষ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউড তারকাদের বিরুদ্ধে মাঝে মধ্যেই নানা পদক্ষেপ নিয়ে থাকে মুম্বাই পৌর কর্তৃপক্ষ। বেশির ভাগ ক্ষেত্রেই তারা বেআইনি নির্মাণ করছেন বা পুরোনো ভবন সংস্কারের ক্ষেত্রে আইনকে বুড়ো আঙুল দেখাচ্ছেন বলে অভিযোগ ওঠে। এই তালিকায় কঙ্গনা রনৌত থেকে অমিতাভ বচ্চন, মিঠুন চক্রবর্তী বাদ যাননি কেউই। এবার একই অভিযোগ বলিউড কিং শাহরুখ খানের দিকে।

মুম্বাইয়ে শাহরুখ খানের বিলাসবহুল বাংলো 'মান্নাত'-এ সংস্কার কাজ চলছে মাস কয়েক ধরেই। পরিবারসহ অন্যত্র উঠে গিয়ে বাংলো রক্ষণাবেক্ষণের কাজ শুরু করেছেন



বলিউডের বাদশাহ।

এদিকে অভিযোগ উঠেছে, মান্নাতে নাকি অবৈধভাবে নির্মাণকাজ চলছে। সত্যিই কি তা-ই? অনেক গণমাধ্যমে এমন খবর প্রকাশের পর ব্যাখ্যা দিয়েছেন শাহরুখের ম্যানেজার পূজা দাদলানি। বিষয়টির জের ধরে শুক্রবার পরিবেশ দপ্তর ও পৌর কর্তৃপক্ষ যান 'মান্নাত' পরিদর্শনে।

ভারতীয় গণমাধ্যম টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদনে বলা হয়, এক পরিবেশকর্মীর অভিযোগের ভিত্তিতে তারা যাচাই করতে যান, নির্মাণে কোনো নিয়ম লঙ্ঘন হয়েছে কি না।

বন বিভাগের এক কর্মকর্তা পত্রিকাটিকে জানান, সংস্কারের অনুমতি–সংক্রান্ত একটি অভিযোগ পাওয়ার পর আমরা পরিদর্শন করেছি। আমরা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি প্রতিবেদন তৈরি করব। বন দপ্তরকে সহায়তা করতেই পৌরসভার কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

যদিও শাহরুখের কর্তৃপক্ষ বিষয়টিকে অস্বীকার করেছেন। তার এক আপ্ত সহায়ক জানিয়েছেন, সেখানে কোনো বেআইনি সংস্কার হচ্ছে না। নির্দেশিকা মেনেই যাবতীয় কাজ হচ্ছে।

# নাগরিকত্ব পরিবর্তন করায় কটাক্ষ, যা বললেন আদনান সামি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারত পাকিস্তান যুদ্ধের সময় যে মানুষটার নাম বারবার খবরের শিরোনামে উঠে এসেছিল, তিনি হলেন আদনান সামি। এক সময় পাকিস্তানের বাসিন্দা হলেও কেন তিনি যুদ্ধের সময় পাকিস্তানের বিরুদ্ধে কথা বললেন, কেন তিনি পাকিস্তানে ফিরে আসছেন না, এই বিষয়ে বারবার গায়ককে কটাক্ষ করা হয়। যদিও সমস্ত কটাক্ষের সঠিক জবাব দিতেও দেখা যায় আদনানকে। জানা গেছে, ২০১৫ সাল থেকে আদনান সামি একজন ভারতীয় নাগরিক। দীর্ঘদিন দেশটিতে থাকার সুবাদে তিনি ভারতের নাগরিকত্ব পেয়েছিলেন এবং তারপর থেকে আর তিনি কোনওদিন পাকিস্তানে ফিরে যাননি। পাকিস্তানের ফিরে না গেলেও পাকিস্তানের কথা উঠলেই বারবার উঠে আসে আদনান প্রসঙ্গ। সম্প্রতি বলিউড বাবলকে দেওয়া একটি সাক্ষাৎকারে আদনান সামি এই পুরো ব্যাপারটিকে বেশ মজার ছলে ব্যাখ্যা করেছেন। তিনি বলেন, পাকিস্তানিরা যে রোগে আক্রান্ত, সেটি আসলে প্রাক্তন প্রেমিক সিনড্রোম। এই রোগের নিরাময় সম্ভব নয়।

আদনান আরও বলেন, 'ধরুন আপনার প্রাক্তন প্রেমিক রয়েছেন, তিনি জানেন তিনি আপনাকে পাবেন না। আপনাকে না পেলেও আপনাকে অন্য কারো সঙ্গে দেখতে পেলেই তিনি রেগে যাবেন। আসলে ব্যাপারটা হল যেহেতু তিনি আপনাকে পাননি, তাই আপনাকে অন্য কারও হতে দেখলে রাগ হয় তার। এটাই হলো ভালোবাসা।'

তিনি বলেন, 'বহু মানুষ আছেন যারা প্রতিনিয়ত নিজেদের নাগরিকত্ব পরিবর্তন করছেন, কিন্তু বারবার কটাক্ষের সম্মুখীন হতে হয়েছে আমাকেই। এই কটাক্ষের কারণ একমাত্র ভালবাসা। এটাই হল প্রাক্তন প্রেমিক-প্রেমিকা সিনড্রোম। এর থেকে বের হওয়ার উপায় নেই তাদের।'

নিজের নাগরিকত্ব পরিবর্তন প্রসঙ্গে আদনান বলেন, 'প্রায় ৪০ বছর সঙ্গীত পরিবেশনা করার পরেও সেখানকার সরকারের থেকে কোনও পুরস্কার বা স্বীকৃতি পাইনি আমি। সেই সময় বেশ কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়েছিল আমাকে। তবে পাকিস্তানে এখনও আমার অনেক অনুরাগী আছেন, যারা আমার গান শুনতে ভীষণ ভালোবাসেন।'

সবশেষে গায়ক বলেন, 'আমার সমস্যা সেখানকার মানুষদের নিয়ে ছিল না, আমার সমস্যা ছিল সরকারের সঙ্গে। একটি সরকার যেভাবে আমার সঙ্গে আচরণ করেছিল সেটাই আমার আসল সমস্যা ছিল। তবে আমি একজন শিল্পী, যারা আমাকে ভালোবাসবে তাদের আমি অবশ্যই ভালোবাসবো।'

# কোকেন চোরাচালান ও ছুরিকাঘাতে সাড়ে সাত বছরের জেল প্রোমেসের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ডাচ ফুটবলের এক সময়ের প্রতিভাবান তারকা কুইন্সি প্রোমেস এখন অপরাধের দায়ে শিরোনামে। কোকেন চোরাচালান ও ছুরিকাঘাতের দুটি পৃথক মামলায় সাড়ে সাত বছরের কারাদণ্ড ভোগ করতে হবে তাকে। আয়াক্সের সাবেক উইঙ্গার প্রোমেসকে সংযুক্ত আরব আমিরাত থেকে নেদারল্যান্ডসে প্রত্যর্পণ করা হয়েছে।

ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির তথ্য অনুযায়ী, নেদারল্যান্ডস পুলিশের অনুরোধে চলতি জুনের শুরুতে দুবাইয়ে গ্রেফতার করা হয় ৩৩ বছর বয়সী প্রোমেসকে। পরে ডাচ কর্তৃপক্ষের তত্ত্বাবধানে একটি ভাড়া করা বিমানে করে তাকে দেশে ফিরিয়ে আনা হয়।

২০২০ সালে বেলজিয়ামের অ্যান্টওয়ার্প বন্দর ব্যবহার করে এক টনেরও বেশি কোকেন নেদারল্যান্ডসে পাচারের ঘটনায় সরাসরি সংশ্লিষ্টতা প্রমাণিত হওয়ায় গত বছরের ফেব্রুয়ারিতে ডাচ আদালত প্রোমেসকে ছয় বছরের কারাদণ্ড দেন। একই বছর জুলাইয়ে পারিবারিক এক অনুষ্ঠানে চুরি হওয়া গয়না নিয়ে ঝগড়ার সময় এক আত্মীয়কে ছুরিকাঘাত করায় আরও ১৮ মাসের কারাদণ্ডের মুখোমুখি হন তিনি। পাশাপাশি আদালত তাকে ক্ষতিপূরণ দিতেও নির্দেশ দেন।

ব্রাজিলের সংবাদমাধ্যম 'ও গ্লোবো'র প্রতিবেদনে উঠে এসেছে, ওই একই বছরে ব্রাজিল থেকে এক হাজার ৩৬৩ কেজি কোকেন পাচারে প্রোমেসের সংশ্লিষ্টতার বিষয়টিও। এ বিষয়ে দেশটির তদন্ত সংস্থাগুলোর কাছে পর্যাপ্ত তথ্য-প্রমাণ রয়েছে। তবে প্রোমেস নিজেকে নির্দোষ দাবি করেছেন এবং উভয় মামলার রায়ের বিরুদ্ধে আপিল করেছেন বলে জানিয়েছেন নেদারল্যান্ডসের পাবলিক প্রসিকিউশন সার্ভিসের একজন মুখপাত্র। পেশাদার ক্যারিয়ার শুরু হয়েছিল ২০১১ সালে ডাচ ক্লাব টুয়েন্টের হয়ে। এরপর তিনি খেলেছেন স্পার্তাক মস্কো, সেভিয়া ও আয়াক্সের মতো ইউরোপের শীর্ষ পর্যায়ের ক্লাবে।

সবশেষ ছিলেন আরব আমিরাতের ক্লাব দুবাই ইউনাইটেডে। জাতীয় দলের হয়ে ৫০টি ম্যাচে মাঠে নামা এই উইঙ্গারের অভিষেক হয়েছিল ২০১৪ সালে। তবে ২০২১ ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে চেক প্রজাতন্ত্রের বিপক্ষে ডাচদের হারের পর আর জাতীয় দলের জার্সি গায়ে ওঠেনি তার। তাকে নেদারল্যান্ডসে ঠিক কোন কারাগারে রাখা হবে, সে বিষয়ে এখনও আনুষ্ঠানিক কোনো ঘোষণা দেয়নি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

# ম্যানচেস্টার সিটিকে ফের বিশাল অঙ্কের জরিমানা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইংলিশ প্রিমিয়ার লিগের নিয়ম ভেঙে বেশ বড় জরিমানার মুখে পড়েছে ম্যাঞ্চেস্টার সিটি। সময়মতো মাঠে না নামার কারণে ক্লাবটিকে ১০ লাখ ৮০ হাজার পাউন্ড জরিমানা করা হয়েছে। অভিযোগ, ২০২৪-২৫ মৌসুমে অন্তত নয়টি ম্যাচে নির্ধারিত সময়ের চেয়ে দেরিতে মাঠে নেমেছেন সিটির ফুটবলাররা।

এই কারণে কোনো কোনো ম্যাচ নির্ধারিত সময় মতো শুরু করা যায়নি, আবার কোথাও বিরতির সময় বেড়ে গেছে অনিয়মিতভাবে। একাধিকবার সময়সীমা লঙ্ঘনের কারণে লিগ কর্তৃপক্ষ কড়া পদক্ষেপ নিতে বাধ্য হয়।

ম্যাঞ্চেস্টার সিটি কর্তৃপক্ষ ইতোমধ্যে শৃঙ্খলাভঙ্গের বিষয়টি স্বীকার করে নিয়েছে। ক্লাবের পক্ষ থেকে জানানো হয়েছে, ভবিষ্যতে যেন এমন পরিস্থিতি আর না ঘটে, সেজন্য ফুটবলার ও কোচিং স্টাফদের সঙ্গে আলোচনায় বসবেন তাঁরা।

ঘরের মাঠে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড, টটেনহ্যাম হটস্পার, নটিংহ্যাম ফরেস্ট, ওয়েস্ট হ্যাম ইউনাইটেড, সাউদ্যাম্পটন এবং নিউক্যাসল ইউনাইটেডের বিপক্ষে ম্যাচে দেরিতে মাঠে এসেছেন সিটির খেলোয়াড়েরা। এছাড়া অ্যাওয়ে ম্যাচে ক্রিস্টাল প্যালেস, অ্যাস্টন ভিলা এবং ইপ্সউইচের বিরুদ্ধেও সময় মেনে মাঠে নামা হয়নি।

সবচেয়ে বেশি দেরি হয়েছিল ওয়েস্ট হ্যাম ও ইপ্সউইচ ম্যাচে—এই দুই ম্যাচে নির্ধারিত সময়ের ২২ সেকেন্ড পর শুরু হয় খেলা। এই ধারাবাহিক শৃঙ্খলাভঙ্গের জন্যই বিশাল অঙ্কের জরিমানা গুনতে হলো বর্তমান চ্যাম্পিয়নদের।

ম্যাঞ্চেস্টার সিটি কর্তৃপক্ষ দোষ স্বীকার করে নিয়েছেন। আশ্বাস দিয়েছেন, ভবিষ্যতে যাতে এমন ঘটনা আর না ঘটে, সে দিকে খেয়াল রাখা হবে। তারা কথা বলবেন ফুটবলার এবং কোচেদের সঙ্গে।

উল্লেখ্য, একই কারণে আগের মৌসুমেও ২০ লাখ পাউন্ড জরিমানা দিতে হয়েছিল ম্যাঞ্চেস্টার সিটি কর্তৃপক্ষকে। তাতেও তাদেরশিক্ষা হয়নি।

# দুই দিন আগেই একাদশ ঘোষণা করলো ইংল্যান্ড

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ভারতের বিপক্ষে ম্যাচের দুই দিন আগেই দ্বিতীয় টেস্টের জন্য একাদশ ঘোষণা করেছে ইংল্যান্ড। লিডসে যে দল নিয়ে মাঠে নেমেছিল তারা, এজবাস্টনেও সেই একই একাদশ নিয়েই খেলতে নামবে স্বাগতিকরা।

পাঁচ ম্যাচের সিরিজে ১-০তে এগিয়ে আছে ইংল্যান্ড। প্রথম টেস্টে ৫ উইকেটে জয়ের পর দল পরিবর্তনের প্রয়োজন দেখছেন না অধিনায়ক বেন স্টোকস। তাই জয়ী দলকেই আবারও মাঠে নামানোর সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

এই দলে জায়গা হয়নি চার বছর পর টেস্ট স্কোয়াডে ফেরা জফরা আর্চারের। ২০২১ সালে ভারতের বিপক্ষে আহমেদাবাদে তার শেষ টেস্ট ছিল। এরপর চোটে পড়ে দীর্ঘদিন মাঠের বাইরে ছিলেন এই পেসার।

দলেও ফিরেছেন, কিন্তু এখনো ইংল্যান্ডের ক্যাম্পে যোগ দেননি আর্চার। পারিবারিক সমস্যার কারণে অনুপস্থিত থাকলেও, ইংল্যান্ড বোর্ড জানিয়েছে আগামীকাল তিনি দলের সঙ্গে যুক্ত হবেন।

ইংল্যান্ডের একাদশ: জ্যাক ক্রোলি, বেন ডাকেট, ওলি পোপ, জো রুট, হ্যারি ব্রুক, বেন স্টোকস (অধিনায়ক), জেমি স্মিথ (উইকেটরক্ষক), ক্রিস ওকস, ব্রাইডন কার্স, জশ টং ও শোয়েব বশির।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR